দৈনিক সংবাদ

তারিখ AUG 4 1999
পৃষ্ঠা ১২ কলাম ১

### সংসদীয় কমিটির সিদ্ধান্ত

# শিক্ষা বোর্ডের দুর্নীতিবাজ কর্মকর্তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

শিক্ষা বোর্ডের যেসব কর্মকর্তা ও কর্মচারী দুর্নীতি ও অনিয়মের দায়ে অভিযুক্ত মাদ্রাসার স্বীকৃতি দেয়ার সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

গতকাল শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ ব্যাপারে সদস্যরা একমত হয়েছেন। গতকালকের বৈঠকে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। বৈঠকে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে জাতীয় শিক্ষা ব্যবস্থার একটি অবিচ্ছেদ্য অংশ উল্লেখ করে বলা হয়, এ শিক্ষা ব্যবস্থাকে যুগোপযোগী ও আধুনিকীকরণ করার লক্ষ্যে বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

কমিটির সভায় জানানো হয়, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর একশ' বেয়াল্লিশ কোটি সাতানব্বই লাখ আটাশ হাজার টাকা মাদ্রাসার উন্নয়নের জন্য ব্যয় করা হয়েছে। গাজিপুরে দশ কোটি টাকা ব্যয়ে মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করা হয়েছে। ইতোমধ্যে উপকূলীয় অঞ্চলে ৯২টি সাইক্লোন সেন্টার- কাম- মাদ্রাসা ভবন নির্মাণ করা হয়েছে, যাতে ব্যয় হয়েছে ২৪ কোটি টাকা। পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১৭৪৪টি মাদ্রাসার উন্নয়নের জন্য ৩শ' ৪২ কোটি ৭২ লাখ টাকার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং ইতোমধ্যে ৩শ' ৭০টি মাদ্রাসার কাজ শুরু করা হয়েছে। গত অর্থবছরে ২শ' ১৬টি মাদ্রাসাকে এমপিওভুক্ত করা হয়েছে, যার সংখ্যা কলেজের চেয়েও ১৬টি বেশি।

শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে বৈঠকে আরো অবহিত করা হয় যে, ২শ' ৫১টি মাদ্রাসার এমপিওভুক্তি বাতিল করা হয়।